

# ■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৪]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২৩: ভাল কাজের আদেশ ও মন্দ কাজে নিষেধ করার গুরুত্ব

(23) \_ باب الأمر بالمعروف والنهي عن المنكر

### আরবী

عَنْ أَبِي سَعِيدِ الخُدرِي رضي الله عنه، قَالَ: سَمِعتُ رَسُولَ الله صلى الله عليه وسلم، يَقُولُ: «مَنْ رَأَى مِنْكُمْ مُنْكَراً فَلْيُغَيِّرْهُ بِيَدِهِ، فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِلِسَانِهِ، وَذَلِكَ أَضِعْفُ الإِيمَانِ». رواه مسلم

#### বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَلاَ تَكُن مِّنكُما الْمَّةَ كَيْدَاعُونَ إِلَى ٱلاَحْيِدَرِ وَيَأْ اَمُرُونَ بِٱلسَّمَعَ ارُوفِ وَيَناهَهُوانَ عَنِ ٱلدَّمُنكَرِ وَأُوْلَئِكَ هُمُ ٱلدَّمُ فَالِحُونَ ١٠٤ ﴾ [ال عمران: ١٠٤]

অর্থাৎ "তোমাদের মধ্যে এমন একটি দল থাকা উচিত, যারা (লোককে) কল্যাণের দিকে আহ্বান করবে এবং সৎকার্যের নির্দেশ দেবে ও অসৎ কার্য থেকে নিষেধ করবে। আর এ সকল লোকই হবে সফলকাম।" (সূরা আলে ইমরান ১০৪ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ كُنتُم اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهِ اللَّهُ اللَّ

অর্থাৎ "তোমরাই শ্রেষ্ঠতম জাতি। মানবমণ্ডলীর জন্য তোমাদের অভ্যুত্থান হয়েছে, তোমরা সৎকার্যের নির্দেশ দান কর, আর অসৎ কার্য (করা থেকে) নিষেধ কর, আর আল্লাহতে বিশ্বাস কর।" (সূরা আলে ইমরান ১১০ আয়াত)

তিনি আরো বলেন.

﴿ خُد ٱلسَّعَفْسُ وَأَسَمُرا بِٱلسَّعُراف وَأَعارض عَن ٱلسَّجُهلِينَ ١٩٩ ﴾ [الاعراف: ١٩٩]



অর্থাৎ "তুমি ক্ষমাশীলতার নীতি অবলম্বন কর, সৎকাজের নির্দেশ দাও এবং মূর্খদেরকে এড়িয়ে চল।" (সূরা আ'রাফ ১৯৯ আয়াত)

অন্যত্রে বলেছেন,

﴿ وَٱلتَّمُونَ وَٱلتَّمُونَ وَٱلتَّمُونَ وَٱلتَّمُونَ وَٱلتَّمُونَ وَٱلتَّمُونَ بِٱلتَّمَعِيْرُوفِ وَيَنتَهَوانَ عَنِ ٱلتَّمُنكَرِ ﴾ [التوبة: ٧١]

অর্থাৎ "আর বিশ্বাসী পুরুষরা ও বিশ্বাসিনী নারীরা হচ্ছে পরস্পর একে অন্যের বন্ধু, তারা সৎ কাজের আদেশ দেয় এবং অসৎ কাজে নিষেধ করে।" (সূরা তওবা ৭১ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ لُعِنَ ٱلَّذِينَ كَفَرُواْ مِن ٓ بَنِيٓ إِس ٓ رَّءِيلَ عَلَىٰ لِسَانِ دَاؤَآ دَ وَعِيسَى ٱبانِ مَرااَيَما ۚ ذَٰلِكَ بِمَا عَصَواْ وَّكَانُواْ يَعالَمُونَ ٨٧ كَانُواْ لَا يَتَنَاهَوا نَ عَن مُّنكَر فَعَلُوهُ ۚ لَبِئاسَ مَا كَانُواْ يَفاَعَلُونَ ٧٩ ﴾ [المائدة: ٧٨، ٧٩]

অর্থাৎ "বনী ইস্রাঈলের মধ্যে যারা অবিশ্বাস করেছিল তারা দাউদ ও মারয়্যাম-তনয় কর্তৃক অভিশপ্ত হয়েছিল। কেননা, তারা ছিল অবাধ্য ও সীমালংঘনকারী। তারা যেসব গর্হিত কাজ করত তা থেকে তারা একে অন্যকে বারণ করত না। তারা যা করত নিশ্চয় তা নিকৃষ্ট।" (সূরা মায়েদাহ ৭৮-৭৯ আয়াত)

তিনি অন্যত্রে বলেছেন,

﴿ وَقُلِ ٱلنَّحَقُّ مِن رَّبِّكُمِ اللَّهِ فَمَن شَآءَ فَلاَيُونَامِن وَمَن شَآءَ فَلاَيكَ الْفُراا ﴾ [الكهف: ٢٩]

অর্থাৎ "বলে দাও, সত্য তোমাদের প্রতিপালকের নিকট হতে সমাগত; সুতরাং যার ইচ্ছা বিশ্বাস করুক ও যার ইচ্ছা প্রত্যাখ্যান করুক।" (সূরা ক্বাহফ ২৯ আয়াত)

তিনি অন্য জায়গায় বলেন,

﴿ فَأُصِادَعا بِمَا تُؤامَرُ ﴾ [الحجر: ٩٤]

অর্থাৎ "অতএব তুমি যে বিষয়ে আদিষ্ট হয়েছ তা প্রকাশ্যে প্রচার কর।" (সূরা হিজর ৯৪ আয়াত)

তিনি অন্যত্রে বলেছেন,

﴿ أَنجَيانَا ٱلَّذِينَ يَناكَهُوانَ عَنِ ٱلسُّوٓءِ وَأَخَذانَا ٱلَّذِينَ ظَلَمُواْ بِعَذَابِ ۚ بِيسِ ۚ بِمَا كَانُواْ يَفاسَقُونَ ﴾ [الاعراف: ٥٦]

অর্থাৎ "(যে উপদেশ তাদেরকে দেওয়া হয়েছিল তারা যখন তা বিস্মৃত হল, তখন) যারা মন্দ কাজে বাধা দান



করত তাদেরকে আমি উদ্ধার করলাম এবং যারা অত্যাচারী ছিল তারা সত্যত্যাগ করত বলে আমি তাদেরকে কঠোর শাস্তির সাথে পাকড়াও করলাম।" (সুরা আ'রাফ ১৬৫ আয়াত)

এ মর্মে আরো অনেক আয়াত রয়েছে। আর হাদীসসমূহ নিম্নরূপঃ-

১/১৮৯। আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু 'আনহু বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, ''তোমাদের মধ্যে যে ব্যক্তি কোন গর্হিত কাজ দেখবে, সে যেন তা নিজ হাত দ্বারা পরিবর্তন করে দেয়। যদি (তাতে) ক্ষমতা না রাখে, তাহলে নিজ জিভ দ্বারা (উপদেশ দিয়ে পরিবর্তন করে)। যদি (তাতেও) সামর্থ্য না রাখে, তাহলে অন্তর দ্বারা (ঘৃণা করে)। আর এ হল সবচেয়ে দুর্বল ঈমান।"[1]

## **English**

(23) Chapter: Enjoining Good and forbidding Evil

Abu Sa'id Al-Khudri (May Allah be pleased with him) reported:

Messenger of Allah () said, "Whoever amongst you sees an evil, he must change it with his hand; if he is unable to do so, then with his tongue; and if he is unable to do so, then with his heart; and that is the weakest form of Faith".

[Muslim].

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৯৫৬, মুসলিম ৪৯, তিরমিয়ী ২১৭২, নাসায়ী ৫০০৮, ৫০০৯, আবূ দাউদ ১১৪০, ৪৩৪০, ইবনু মাজাহ ১২৭৫, ৪০১৩, আহমাদ ১০৬৮৯, ১০৭৬৬, ১১০৬৮, ১১১০০, ১১১২২, ১১১৪৫, ১১৪৬৬, দারেমী ২৭৪০১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন